



কৃষিই সমৃদ্ধি
বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং : ১২.২০.০০০০.০২০.০৫.০০১.২১.

তারিখঃ মার্চ ২০২৪

বিষয় : অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অনুষ্ঠিত অবহিতকরণ সভার কার্যবিবরণী।

তারিখ : ১৮ মার্চ ২০২৪

সময় : সকাল ১১:০০ টা

স্থান : প্রশিক্ষণ ভবন (৪র্থ তলা), বিএআরসি, ঢাকা

সভাপতি : ড. মোঃ ছায়ফুল্লাহ, সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএআরসি

উপস্থিতি : পরিশিষ্ট “ক”

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কাউন্সিলের উপ পরিচালক (সংস্থাপন) এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার ফোকাল পয়েন্ট জনাব মোহাম্মদ মাহবুবুল হাসান ২০২৩-২৪ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনার কার্যক্রম ২.২ এ উল্লিখিত অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অনুষ্ঠিত অবহিতকরণ সভায় সরাসরি এবং জুম প্ল্যাটফর্মে অংশগ্রহণকারী সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। এরপর তিনি একে একে ২০২৩-২০২৪ অর্থ বছরের কর্মপরিকল্পনার কার্যক্রম অনুযায়ী বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের বাস্তবায়ন অগ্রগতি সভাকে অবহিত করেন।

১.১ নির্দিষ্ট সময়ে জিআরএস সিস্টেম, অফলাইন ও অন্যান্য মাধ্যমে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তিঃ

২০২৩-২০২৪ অর্থ বছরে জিআরএস সিস্টেম, অফলাইন কিংবা অন্য কোন মাধ্যমে অভিযোগ পাওয়া যায়নি। ফলে নিষ্পত্তির কোন সুযোগ ছিলনা।

১.১.১ যদি কোনো দপ্তর/সংস্থায় জিআরএস সিস্টেমে কোনো অভিযোগ পাওয়া না যায়, সে দপ্তর/সংস্থা কর্তৃক স্টেকহোল্ডারের সমন্বয়ে সভা আয়োজনঃ

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী যদি কোনো দপ্তর/সংস্থায় অর্থ বছরের প্রথম ৫ মাসে (জুলাই-নভেম্বর) জিআরএস সিস্টেমে কোনো অভিযোগ পাওয়া না যায়, সে ক্ষেত্রে প্রথম অর্ধবার্ষিকীর শেষ মাসে (ডিসেম্বর) স্টেকহোল্ডারের সমন্বয়ে একটি সভা আয়োজন করার বাধ্যবাধকতা রয়েছে। নির্দেশনা মোতাবেক গত ১৮ ডিসেম্বর ২০২৩ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। আগামি মে ২০২৪ এর মধ্যে কোনো অভিযোগ পাওয়া না গেলে, জুন ২০২৪ এ আরেকটি সভা আয়োজন করা হবে।

১.২ অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণঃ

২০২৩-২০২৪ অর্থ বছরের প্রথম ০৮ মাস অর্থাৎ জুলাই ২০২৩ থেকে ফেব্রুয়ারি ২০২৪ মাসের মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে।


২.১ নিজ অফিস ও আওতাধীন অফিসের কর্মকর্তা/কর্মচারীদের জন্য অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ/কর্মশালা/ সেমিনার আয়োজনঃ

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে অর্থ বছরের ১ম অর্ধ বার্ষিকীতে গত ১৩ ডিসেম্বর ২০২৩ তারিখে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের কর্মকর্তাদের জন্য অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। দ্বিতীয় অর্ধবার্ষিকীতে আগামি মে ২০২৪ মাসে আরেকটি প্রশিক্ষণ আয়োজন করা হবে।

২.২ অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনঃ

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে অর্থ বছরের ১ম অর্ধ বার্ষিকীতে গত ২৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে একটি অবহিতকরণ সভা আয়োজন করা হয়েছিল। দ্বিতীয় অর্ধ বার্ষিকীতে অদ্য ১৮ মার্চ ২০২৪ তারিখে সভা আয়োজন করা হলো।

কাউন্সিলের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার গৃহিত কার্যক্রম সম্পর্কে সরাসরি এবং জুম প্ল্যাটফর্মে অংশগ্রহণকারী কারো কোন মন্তব্য না থাকায় সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ড. মোঃ ছায়ফুল্লাহ)

সদস্য-পরিচালক (প্রশাসন ও অর্থ)

ফোনঃ ২২২২৪২৬২৮

ই-মেইল- m.saif@barc.gov.bd